# G. A. MURTAZA TALENT SEARCH EXAM - 2025

**F.M. – 100** **Class – VIII** **Time : 2 Hours**

Name : .................................................................................................................. Reg. No. : ................................

---

**প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি পাশের বক্সের মধ্যে লেখো ঃ**

- **MATHEMATICS**

1. যদি a সংখ্যক বইয়ের প্রতিটির মূল্য x টাকা, b সংখ্যক বইয়ের প্রতিটির মূল্য y টাকা এবং c সংখ্যক বইয়ের প্রতিটির মূল্য z টাকা হয়, তাহলে গড়ে প্রতিটি বইয়ের মূল্য কত হবে?

◯ $\frac{x+y+z}{a+b+c}$ ◯ $\frac{ax+by+cz}{a+b+c}$ ◯ $\frac{a^2+b^2+c}{x+y+z}$ ◯ $\frac{a\,b\,c}{x\,y\,z}$

2. যদি $x = \frac{2y^2}{z}$ এবং y-এর মান ধনাত্মক হয়, তবে y-এর মান প্রদত্ত মানগুলির মধ্যে কোন্‌টি হবে?

◯ $\frac{xz}{2}$ ◯ $\sqrt{\frac{x}{z}}$ ◯ $\sqrt{\frac{xz}{2}}$ ◯ $\left(\frac{xz}{2}\right)^2$

3. একটি ট্রেন n মিনিটে y কিলোমিটার যায় এবং পরবর্তী y মিনিটে n কিলোমিটার যায়, তবে ট্রেনটির গতিবেগ গড়ে ঘন্টায় কত কিলোমিটার?

◯ 20 কিমি ◯ 40 কিমি ◯ 60 কিমি ◯ 80 কিমি

4. প্রদত্ত বক্তব্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক?

◯ $a^2 = b^2$ হলে সর্বদাই a = b হবে ◯ $a^3 = b^3$ হলে সর্বদাই a = b হবে

◯ $a^2 + b^2 = 0$ হলে a = 0 অথবা b = 0 হবে ◯ $a^3 + b^2 = 0$ হলে a = 0 অথবা b = 0 হবে

5. $2x - \frac{2}{x} = 3$ হলে $8\left(x^3 - \frac{1}{x^3}\right)$-এর মান কত হবে?

◯ 63 ◯ 64 ◯ 72 ◯ 36

6. x ও y ধনাত্মক পূর্ণসংখ্যা, x – y একটি যুগ্ম সংখ্যা। তাহলে নীচের সঠিক বিকল্পটি চিহ্নিত করো —

◯ $x^2 - y^2$ , 6 দ্বারা বিভাজ্য ◯ $x^2 - y^2$ , 3 দিয়ে বিভাজ্য

◯ $x^2 - y^2$ , 4 দ্বারা বিভাজ্য ◯ $x^2 - y^2$ , 7 দিয়ে বিভাজ্য

7. 100 এবং 1000-এর অন্তর্বর্তী কোনো সংখ্যার ডানদিকের দুই অঙ্ক দ্বারা প্রকাশিত সংখ্যা 4 দ্বারা বিভাজ্য হলে সংখ্যাটি সর্বদাই—

◯ 3 দ্বারা বিভাজ্য হবে ◯ 4 দ্বারা বিভাজ্য হবে ◯ 5 দ্বারা বিভাজ্য হবে ◯ 7 দ্বারা বিভাজ্য হবে।

8. কিছু পরিমাণ খাদ্যে 80 জন লোকের 16 দিন চলে। 6 দিন পরে আরও 20 জন লোক আসল। অবশিষ্ট খাদ্যে সমস্ত লোকের আর কতদিন চলবে?

◯ 8 দিন ◯ 10 দিন ◯ 12 দিন ◯ 14 দিন।

9. কোনো বর্গাকার ক্ষেত্রের বাহুর পরিমাণ দ্বিগুণ করা হলে, এর ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে?

◯ 100% ◯ 200% ◯ 300% ◯ 400%

10. কোনো ব্যক্তির বেতন 25% কমানো হল। পূর্বের বেতনে ফিরিয়ে নিয়ে যেতে ব্যক্তিটির বেতন বৃদ্ধি করতে হবে —

◯ 25% ◯ $33\frac{1}{3}\%$ ◯ 45% ◯ 50%

11. রতনের তিন পুত্র তিন বছর অন্তর জন্মগ্রহণ করে। পুত্রদের বর্তমান মোট বয়স 24 বছর হলে কনিষ্ঠ পুত্রের বয়স হল —

◯ 5 বছর ◯ 8 বছর ◯ 9 বছর ◯ 10 বছর।

12. কোনো লিপইয়ার বছরের শেষ দিনটি সোমবার হলে প্রথম দিনটি হবে —

◯ রবিবার ◯ সোমবার ◯ মঙ্গলবার ◯ বুধবার।

13. মূলদ সংখ্যার যোগসূত্র পরিচয় হল —

◯ 0 ◯ 1 ◯ 2 ◯ 3

14. $\frac{3}{7}$ ভগ্নাংশটি পেতে হলে $-\frac{7}{3}$ এর সাথে কত যোগ করতে হবে?

◯ $\frac{21}{58}$ ◯ $\frac{58}{21}$ ◯ $\frac{47}{21}$ ◯ $\frac{51}{21}$

15. দুটি পূর্ণ সংখ্যার মধ্যে পার্থক্য 66। দুটি সংখ্যার অনুপাত 2 : 5 হলে, সংখ্যাদুটি হবে —

◯ 60 ও 6 ◯ 100 ও 33 ◯ 110 ও 44 ◯ 99 এবং 33

16. একটি চতুর্ভুজের কোণগুলির অনুপাত 1 : 2 : 3 : 4 হলে, সবচেয়ে বড়ো কোণটির পরিমাপ হবে?

◯ 36° ◯ 98° ◯ 144° ◯ 160°

17. একটি আয়তক্ষেত্র তৈরি করতে জানতে হবে —

◯ সমস্ত অভ্যন্তরীণ কোণ ◯ সকল বাহু ও সকল কোণ

◯ কেবলমাত্র দৈর্ঘ্য ও প্রস্থ ◯ কেবলমাত্র একটি কোণ।

18. যদি কোনো একটি বহুভুজের বাহুসংখ্যা n হয়, তাহলে বহুভুজটির কর্ণসংখ্যা হবে —

◯ $\frac{n}{2}$ ◯ $\frac{n}{3}$ ◯ $\frac{n(n-3)}{2}$ ◯ $\frac{n(n-3)}{3}$

19. কোনো একটি নিয়মিত বহুভুজের অভ্যন্তরীণ কোণগুলির সমষ্টি যদি 540° হয়, তাহলে বহুভুজটি হবে —

◯ চতুর্ভুজ ◯ পঞ্চভুজ ◯ ষড়ভুজ ◯ সপ্তভুজ।

20. রহিম 10% কর সহ 3300 টাকায় একটি এয়ার কুলার কিনেছিল। ভ্যাট যোগ করার আগে এয়ার কুলারটির দাম ছিল —

◯ 2000 টাকা ◯ 3000 টাকা ◯ 2500 টাকা ◯ 2800 টাকা।

21. যদি $(-3)^{m+1} \times (-3)^5 = (-3)^7$ হয়, তাহলে m-এর মান হবে —

◯ 1 ◯ 3 ◯ 5 ◯ 7

22. একটি মানচিত্রের স্কেল 1 : 3000 দেওয়া হয়েছে। মানচিত্রে দুটি শহর 4 কিমি দূরে অবস্থিত। তাহলে শহর দুটির মধ্যে প্রকৃত দূরত্ব হবে —

◯ 1000 কিমি ◯ 1200 কিমি ◯ 1400 কিমি ◯ 1600 কিমি।

23. 6xy – 4y + 6 – 9x-এর গুণনীয়কগুলি হল —

◯ (3x + 2) (2y + 3) ◯ (3x – 2) (2y – 3)

◯ (3x – 2) (2y + 3) ◯ (3x + 2) (2y – 3)

24. একটি সমকোণী ত্রিভুজের যদি সমকোণ গঠনকারী একটি বাহুর দৈর্ঘ্য 6 একক এবং কর্ণের দৈর্ঘ্য 10 একক হয়, তাহলে অন্য সমকোণ গঠনকারী বাহুটির দৈর্ঘ্য হবে —

◯ 8 একক ◯ 10 একক ◯ 12 একক ◯ 14 একক।

25. 91125-এর ঘনমূল নির্ণয় করো এবং সঠিক বিকল্পটি চিহ্নিত করো —

◯ 35 ◯ 45 ◯ 55 ◯ 75

26. প্রতিটি শার্টের ক্রয়মূল্য 2500 টাকা। দোকানদার 15% লাভে 10 টি শার্ট বিক্রি করেছে। দোকানদারের মোট লাভ হবে —

◯ 3750 টাকা ◯ 4500 টাকা ◯ 1500 টাকা ◯ 2500 টাকা।

27. ট্রাপিজিয়াম আকৃতির বাগানের ক্ষেত্রফল 225 মিটার। দুটি সমান্তরাল বাহুর মধ্যে দূরত্ব 25 মিটার। একটি সমান্তরাল বাহুর দৈর্ঘ্য যদি 11 মিটার হয় তবে অন্য সমান্তরাল বাহুর দৈর্ঘ্য কত হবে?

◯ 7 মিটার ◯ 8 মিটার ◯ 6 মিটার ◯ 5 মিটার।

28. 69°-এর সম্পূরক কোণের মান —

◯ 79° ◯ 99° ◯ 111° ◯ 121°

29. প্রদত্ত সংখ্যামালার গ.সা.গু হবে —

$x^2 + xy$ , $xz + yz$ , $x^2 + 2xy + y^2$

◯ x + y ◯ x – y ◯ xy ◯ $\frac{x}{y}$

30. একটি সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য (4y + 2) সেমি হলে ত্রিভুজটির পরিসীমা হবে —

◯ (12 + 6y) ◯ (1y + 6) ◯ (12y + 2) ◯ (12y + 8)

## ❑ SCIENCE

31. গতীয় ঘর্ষণ বলের মান বিসর্প ঘর্ষণের মানের তুলনায় —
   - ◯ কম হয় ◯ বেশি হয় ◯ কম বা বেশি হয় ◯ পরিবর্তন হয় না।

32. একটি 50 গ্রাম ভরের পদার্থ খণ্ডের উষ্ণতা 2°C বাড়াতে 25 ক্যালোরি তাপ লাগে। ওই পদার্থের আপেক্ষিক তাপ কত?
   - ◯ 0.20 cal/g°c ◯ 0.25 cal/g°c ◯ 0.30 cal/g°c ◯ 0.50 cal/g°c

33. কোনো মাধ্যমের পরম প্রতিসরাঙ্ক সর্বদা —
   - ◯ 1-এর কম হয় ◯ 1 হয় ◯ – 5 হয় ◯ 1-এর সমান বা 1 অপেক্ষা কম হতে পারে না।

34. সাধারণ তাপমাত্রায় নিশাদল —
   - ◯ কঠিন ◯ তরল ◯ গ্যাসীয় ◯ অর্ধতরল।

35. সিগারেটের ধোঁয়াতে উপস্থিত ধাতুটি হল —
   - ◯ পারদ ◯ নিকেল ◯ সোডিয়াম ◯ ক্যাডমিয়াম।

36. তড়িদ্‌বিশ্লেষণের গুরুত্বপূর্ণ ব্যবহার হল —
   - ◯ ধাতু নিষ্কাশন ◯ ধাতু পরিশোধন ◯ তড়িৎলেপন ◯ সবগুলি।

37. 1962 সালে নিক হলনাইক জুনিয়র আবিষ্কার করেন —
   - ◯ CFL ◯ ডায়নামো ◯ লিথিয়াম আয়োডাইড ব্যাটারি ◯ LED

38. $Al_2O_3$ – একপ্রকার —
   - ◯ আম্লিক অক্সাইড ◯ ক্ষারীয় অক্সাইড ◯ প্রশম অক্সাইড ◯ উভধর্মী অক্সাইড।

39. অক্সি হাইড্রোজেন শিখা নলাকৃতি পাত্রে কলিচুনের ছোটো ছোটো টুকরোর ওপর ফেললে তীব্র সাদা আলোর সৃষ্টি হয়। ওই ঘটনাকে বলা হয় —
   - ◯ লাইম সালফার ◯ লাইম লাইট ◯ বায়োলুমিনেন্স ◯ নাইট লাইট।

40. সাধারণ তাপমাত্রায় $CO_2$-কে তরলে পরিণত করতে কত বায়ুমণ্ডলীয় চাপের প্রয়োজন হয়?
   - ◯ 20 ◯ 30 ◯ 50 ◯ 60

41. প্রদত্ত কোন্ রোগে শরীরে ইলেকট্রোলাইটের ভারসাম্য বিঘ্নিত হয়?
   - ◯ কলেরা ◯ প্লেগ ◯ ম্যালেরিয়া ◯ চিকুনগুনিয়া।

42. ‘হোয়াইট প্লেগ’ সৃষ্টিকারী জীবাণু হল —
   - ◯ মাইক্রোব্যাকটেরিয়াম ◯ ইয়েরশিনিয়া ◯ প্লাজমোডিয়াম ◯ ট্রাইপ্যানোসোমা।

43. সায়ানোলের রঞ্জক উৎপাদনকারী কোশ —
   - ◯ পেশিকোশ ◯ গবলেট কোশ ◯ রড কোশ ◯ কোন্ কোশ।

44. ব্যাকটেরিয়ার কোশপ্রাচীরে দেখা যায় না —
   - ◯ পেপটাইডোগ্লাইক্যাল ◯ মিউরামিক অ্যাসিড
   - ◯ লিপোপলি স্যাকারাইড ◯ অ্যালজিনিক অ্যাসিড।

45. প্রদত্ত কোন্ উদ্ভিদগোষ্ঠীর ক্ষেত্রে ‘নিমজ্জিত পত্ররন্ধ্র’ (Sunken Stomata) দেখা যায়?
   - ◯ হ্যালোফাইট ◯ মেসোফাইট ◯ জেরোফাইট ◯ লিথোফাইট।

46. মাছ সংরক্ষণে ব্যবহৃত পদ্ধতিটি হল —
   - ◯ ক্যানিং ◯ স্মোকিং ◯ সলটিং ◯ সবগুলিই।

47. ইঁদুর দমন করতে ব্যবহৃত হয় না —
   - ◯ ওয়ারফেরিন ◯ সায়ানো গ্যাস ◯ জিংক ফসফাইড ◯ প্লিকোরাম।

48. প্রদত্ত কোন্ উদ্ভিদে জোড় কলম সম্ভব নয়?

◯ আম ◯ চা ◯ গোলাপ ◯ সর্বজয়া।

49. পেরুর বর্ষাবনে পাওয়া যায় —

◯ তাপির ◯ জাগুয়ার ◯ লায়ন টেলড ম্যাকাক ◯ তাপির ও জাগুয়ার।

50. 'Kelp' হল —

◯ সামুদ্রিক মাছ ◯ সামুদ্রিক শৈবাল ◯ সামুদ্রিক ছত্রাক ◯ সামুদ্রিক লাইকেন।

51. প্রদত্ত কোন্ জীবের অত্যধিক সংখ্যাবৃদ্ধির ফলে সমুদ্রের জল 'লালবর্ণ' ধারণ করে?

◯ কেল্প ◯ লবস্টার ◯ ডিনোফ্ল্যাজেলেট ◯ ডায়াটম।

52. প্রদত্ত কোন্ প্রাণীটি / প্রাণীরা সারাজীবনে একবারও জলপান করে না?

◯ মোলক হরিদাস ◯ তাপির ◯ জারবিল ◯ সবগুলি।

53. থর মরুভূমির সবচেয়ে বড়ো পাখিটি হল —

◯ উট পাখি ◯ এমু ◯ ঈগল ◯ বাস্টার্ড।

54. 'আমি একজন ভালো মানুষ হওয়ার জন্যই জন্ম নিয়েছি' – এই ধারণাটি একপ্রকার —

◯ আবেগ ◯ অনুভূতি ◯ আত্মোপলব্ধি ◯ সৃজনশীলতা।

55. প্রদত্ত কোন্ প্রকার লবণাম্বু উদ্ভিদে জরায়ুজ অঙ্কুরোদগম দেখা যায় না?

◯ সুন্দরি ◯ গরান ◯ গেঁওয়া ◯ কেয়া।

56. প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে ডাফনিয়ার সঙ্গে বাস্তুতান্ত্রিক সাদৃশ্যযুক্ত জীবটিকে চিহ্নিত করো —

◯ সারগাসাম ◯ সাইক্লপস ◯ ডায়াটম ◯ ভলভক্স।

57. নীচের কোন্ প্রাণীটি গোবি মরুভূমিতে পাওয়া যায় না —

◯ ব্যাকট্রিয়ান উট ◯ বরফ চিতা ◯ জারবিল ◯ বন্য ভেড়া।

58. 'আর্কটিক টার্ন' – এক ধরণের —

◯ মাছ ◯ সরীসৃপ ◯ উভচর ◯ পাখি।

59. প্রদত্ত ধানের ভ্যারাইটিগুলির মধ্যে কোন্‌টি বর্তমানে চাষ হয় না?

◯ জয়া ◯ রঘুশাল ◯ হীরা ◯ কনকচূড়।

60. নীল বিপ্লবের সঙ্গে যুক্ত প্রাণীগোষ্ঠীটি হল —

◯ মাছ ◯ পোলট্রি ◯ মৌমাছি ◯ সবগুলিই।

## ❑ REASONING

61. ABC : CDE জোড়ার সম্পর্ক অনুযায়ী প্রদত্ত সঠিক বিকল্পটি হবে —

◯ LNM : NOO ◯ PDF : RFH ◯ PQR : QRS ◯ XYZ : ZAX

62. প্রদত্ত সিরিজের পরের সংখ্যাটি হবে ঃ

68, 56, 46, 38, 32, __?__

◯ 24 ◯ 26 ◯ 28 ◯ 30

63. যদি লাল হয় গোলাপি; গোলাপি হয় কালো; কালো হয় সাদা; সাদা হয় নীল; তাহলে দুধের বর্ণ হবে —


◯ কালো ◯ সাদা ◯ গোলাপি ◯ নীল।

64. পাশের চিত্রটিতে আয়তক্ষেত্রের সংখ্যা —



◯ 7 ◯ 8
◯ 9 ◯ 10

65. পাশের চিত্রটিতে '?' অংশের সংখ্যাটি হবে —




◯ 7 ◯ 8
◯ 10 ◯ 12

66. জল চক্রের সঠিক ক্রমটি হবে —
1. বাষ্পীভবন 2. বৃষ্টিপাত 3. সমুদ্র 4. মেঘ
◯ $1 \rightarrow 2 \rightarrow 3 \rightarrow 4$ ◯ $4 \rightarrow 1 \rightarrow 2 \rightarrow 3$
◯ $3 \rightarrow 1 \rightarrow 4 \rightarrow 2$ ◯ $2 \rightarrow 4 \rightarrow 1 \rightarrow 3$

67. প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোন্‌টি আলাদা?
◯ গোলাপ ◯ গাঁদা ◯ পদ্ম ◯ জবা।

68. 5 : 216 : : 6 : __?__ ফাঁকা স্থানের সংখ্যাটি হবে —
◯ 143 ◯ 343 ◯ 293 ◯ 183

69. ঠাণ্ডা ঃ বরফ ঃঃ গরম ঃ __?__ ফাঁকা স্থানের শব্দটি হবে —
◯ আগুন ◯ জল ◯ সূর্য ◯ বাষ্প।

70. উত্তর দিকে মুখ করে থাকা ছেলেদের সারিতে, 'A' বামপ্রান্ত থেকে ষোলতম এবং 'C' ডানপ্রান্ত থেকে ষোলতম। B, A-এর ডানদিকে চতুর্থ এবং C এর বামে পঞ্চম। সারিতে কতজন ছেলে আছে?
◯ 39 ◯ 80 ◯ 79 ◯ 49

71. যদি ENGLAND কে 1 2 3 4 5 2 6 এবং FRANCE কে 7 8 5 2 9 1 লেখা হয়, তাহলে GREECE কে কীভাবে কোড করা হবে?
◯ 3 8 1 1 7 1 ◯ 3 8 1 1 9 1 ◯ 8 3 2 2 5 2 ◯ 8 3 5 5 4 5


72. একটি ছবির দিকে ইঙ্গিত করে একজন মহিলা বলছেন, "এই লোকটির ছেলের বোন আমার শাশুড়ি"। ছবির পুরুষটির সাথে মহিলার স্বামীর কী সম্পর্ক?
◯ নাতি ◯ পুত্র ◯ জামাই ◯ ভাগ্না।

73. 7 5 5 9 8 5 7 6 4 5 9 8 7 5 6 7 6 8 3 2 5 6 7 8 প্রদত্ত সংখ্যা ক্রমানুসারে কতগুলি 5 আছে যার ঠিক আগে 7 এবং ঠিক পরে 6 আছে?
◯ 1 টি ◯ 2টি ◯ 3 টি ◯ 4 টি।

74. অরিত্র উত্তরদিকে 10 কিলোমিটার হেঁটে যায়। সেখান থেকে সে দক্ষিণ দিকে 6 কিলোমিটার হেঁটে যায়। তারপর, সে পূর্বদিকে 3 কিলোমিটার হেঁটে যায়। তার শুরুর স্থানের দিক থেকে সে কতদূরে এবং কোন্ দিকে অবস্থান করছে?
◯ 5 কিলোমিটার পশ্চিমে ◯ 5 কিলোমিটার উত্তর-পূর্বে ◯ 7 কিলোমিটার পূর্বে ◯ 7 কিলোমিটার পশ্চিমে।

75. 1, 4, 9, 16 – এই সিরিজটির পরবর্তী সংখ্যাটি হল —
◯ 20 ◯ 25 ◯ 30 ◯ 35

76. পাশের চিত্রটিতে ত্রিভুজের সংখ্যা —



◯ 13 টি
◯ 32 টি
◯ 21 টি
◯ 24 টি

77. যক্ষ্মা ঃ ফুসফুস ঃঃ টাইফয়েড ঃ ?
◯ যকৃৎ ◯ অন্ত্র ◯ মস্তিষ্ক ◯ ফুসফুস।

78. বেমানান শব্দটি চিহ্নিত করো —
◯ মাসি ◯ পিসি ◯ ঠাকুরদা ◯ কাকা।

79. প্রদত্ত নিয়মটি সাবধানে দেখো এবং ‘?’ প্রতিস্থাপন করতে পারে এমন সংখ্যাটি নির্বাচন করো —
প্রথম সারি — 67, 25, 101 দ্বিতীয় সারি — 55, 17, 97 তৃতীয় সারি — 45, 19, ?
◯ 67 ◯ 72 ◯ 92 ◯ 59

80. সোনা ঃ Au ঃঃ রুপো ঃ ___?___
◯ Cu ◯ Ag ◯ CO ◯ Mn

## ❑ GENERAL KNOWLEDGE

81. বিরসা মুণ্ডা হকি স্টেডিয়াম অবস্থিত —
◯ রাউরকেল্লায় ◯ রাঁচিতে ◯ পুরুলিয়ায় ◯ জামশেদপুরে।

82. ভারতের প্রথম সৌরশক্তি-চালিত বিমান বন্দর অবস্থিত —
◯ হায়দ্রাবাদে ◯ চণ্ডীগড়ে ◯ নাগপুরে ◯ চেন্নাইতে।

83. পৃথিবীর কোন্ দেশে প্রথম ‘Lifeline Express’ চালু করে?
◯ বাংলাদেশ ◯ শ্রীলঙ্কা ◯ ইন্দোনেশিয়া ◯ ভারত।

84. ‘Callisto’ কী?
◯ একপ্রকার স্যাটেলাইট ◯ একপ্রকার কৃত্রিম স্যাটেলাইট ◯ একপ্রকার বাদ্যযন্ত্র ◯ একপ্রকার পতঙ্গ।

85. সৌরজগতের বৃহত্তম উপগ্রহ হল —
◯ ফোবস ◯ চাঁদ ◯ আইও ◯ গ্যানিমিড।

86. তিন দশকের লম্বা কেরিয়ারে শাহরুখ খান জাতীয় পুরস্কার পান —
◯ 2024 সালে ◯ 2025 সালে ◯ 1999 সালে ◯ 1985 সালে।

87. কুমার শানু একদিনে কতগুলি গান রেকর্ডিং করে বিশ্বরেকর্ড করেন?
◯ 10 টি ◯ 15 টি ◯ 25 টি ◯ 28 টি।

88. জলবিষুব হিসাবে পরিচিত দিনটি হল —
◯ 21 মার্চ ◯ 22 এপ্রিল ◯ 23 সেপ্টেম্বর ◯ 21 জুলাই।

89. ভারতের সিলিকন ভ্যালি হিসাবে পরিচিত —
◯ কলকাতা ◯ চণ্ডীগড় ◯ মীরাট ◯ বেঙ্গালুরু।

90. বিখ্যাত সঙ্গীত শিল্পী জুবিন গর্গ-এর অকালপ্রয়াণের কারণ —
◯ মোটর রেসিং ◯ স্কুবা ড্রাইভিং ◯ পোলো ◯ WWF

91. ‘আঙ্গামি’ উপজাতি বসবাস করে —
◯ মিজোরাম ◯ নাগাল্যান্ড ◯ আন্দামান ◯ গোয়া।

92. ‘স্ট্যানলি কাপ’— প্রদত্ত কোন্ খেলার সঙ্গে যুক্ত?
◯ হকি ◯ ব্যাডমিন্টন ◯ ক্রিকেট ◯ রাগবি।

93. কানাডার রাজধানীর নাম কী?
◯ বেইরুট ◯ সিসিলি ◯ মেক্সিকো ◯ অটোয়া।

94. কোন্ দেশকে ‘ফেরাউনদের দেশ’ বলা হয়?
◯ ব্রাজিল ◯ ইন্দোনেশিয়া ◯ মিশর ◯ আজারবাইজান।

95. ‘হ্যারি পটার’ সিরিজটি লিখেছেন —
◯ হেনরি ডেভিড ◯ জন মিলটন ◯ রুপিয়ার্ড কিপলিং ◯ জে কে রাউলিং।

96. ‘CLAP’-প্রোগ্রাম প্রথম চালু হয়েছিল —
◯ মধ্যপ্রদেশে ◯ অন্ধ্রপ্রদেশে ◯ পশ্চিমবঙ্গে ◯ বিহারে।

97. প্রদত্ত কোন্ ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?
◯ ভিটামিন-A ◯ ভিটামিন-B ◯ ভিটামিন-C ◯ ভিটামিন-K

98. ‘কল্পসূত্র’ গ্রন্থটির লেখক হলেন —
◯ কাজী নজরুল ইসলাম ◯ রোকেয়া বেগম ◯ আর্যভট্ট ◯ ভদ্রবাহু।

99. আকাশে তারাদের মিট্‌মিট্ করার কারণ —
◯ আলোর প্রতিফলন ◯ আলোর প্রতিসরণ ◯ আভ্যন্তরীন পূর্ণ প্রতিফলন ◯ আলোর বিচ্ছুরণ।

100. রাশিয়ার সংসদের নিম্নকক্ষকে বলা হয় —
◯ ফেডারেল অ্যাসেম্বলি ◯ স্টেট ডুমা ◯ সেনেট ◯ সিন্ডিকেট।